

করোনা ভাইরাস জরুরী অবস্থা – ফ্লোরেন্স (Firenze)

কি করতে পারি আমরা? - সংযোজিত ১৭/০৩/২০ তারিখে

- বাড়ীতে থাকা জরুরী।
- রাস্তায় বা পার্কে থাকা চলবেনা।
- বাড়ী থেকে বেরোনো শুধুমাত্র সম্ভব যদি : কাজে যাওয়ার দরকার থাকে , শারীরিক কারণে , এবং বিশেষ কোনো প্রয়োজনে যেমন বাজার করার দরকার থাকলে (বাড়ীর কাছে বাজারে যাওয়া দরকার), কোনো পরিবারের সাহায্যে (বয়স্ক বা অসুস্থ কেউ থাকলে তবে সেক্ষেত্রে মাস্ক ব্যবহার করতে হবে নিজেকে সুরক্ষিত রাখতে) তাছাড়াও গৃহপালিত পশুকে হাঁটাতে নিয়ে যাওয়ার থাকলে (বাড়ীর একদম কাছে যেতে হবে) অথবা পশুর ডাক্তারের কাছে যাওয়ার থাকলে।
- বাড়ী থেকে বেরোতে হলে নিজস্বশংসাপত্র (self certificate/autocertificato) লাগবে যা [Ministero dell'Interno](https://www.interno.gov.it/sites/default/files/allegati/modulo-autodichiarazione-17.3.2020.pdf) এর ওয়েবসাইটে নীচের লিঙ্কে ক্লিক করলে পাওয়া যাবে। <https://www.interno.gov.it/sites/default/files/allegati/modulo-autodichiarazione-17.3.2020.pdf>
- এই নিজস্বশংসাপত্র (self certificate/autocertificato) স্থানীয় পুলিশ (forze dell'ordine) তারা সংগ্রহ করবে এবং এই সার্টিফিকেটে লেখা তথ্য তারা যাচাই করে নেবে।
- অন্য লোকের থেকে অন্তত ১ মিটার দূরত্ব বজায় রাখুন।
- যদি আপনার জ্বর আসে (৩৭.৫ হয় বা এর ওপরে ওঠে তবে বাড়ীতে থাকুন, অন্য লোকের সংস্পর্শ থেকে দূরে থাকুন, ফোন করুন আপনার নিজস্ব ডাক্তারকে বা শিশু ডাক্তারকে। হসপিটালের ইমার্জেন্সি (Pronto Soccorso) তে যাবেন না।
- নতুন করোনা ভাইরাস সম্পর্কে জানতে --- ৮০০ ৫৫ ৬০ ৬০ এই সবুজ স্থানীয় নাম্বারে ফোন করুন এরপর ১ ডায়াল করুন। এই নাম্বারটি সোমবার থেকে শুক্রবার অবধি সকাল ৯ টা থেকে সন্ধ্যা ৬ টা অবধি খোলা থাকে।

সতর্কবার্তা !!!!

যদি আপনি ওপরের নিয়মগুলি না মানেন তবে আপনি অপরাধ করেছেন বলে ধরা হবে। আইনের পেনাল কোডের ৬৫০ নম্বর ধারা আপনি লঙ্ঘন করেছেন বলে ধরা হবে অথবা “ সরকারের পদক্ষেপের বিরোধিতা করেছেন বলে মনে করা হবে”। আরো গুরুতর ক্ষেত্রে মনে করা হবে আপনি ক্রিমিনাল কোডের ৪৫২ নম্বর ধারা লঙ্ঘন করতে চেয়েছেন যার মানে “ আপনি নিন্দনীয় অপরাধ করেছেন সমস্ত মানুষের স্বাস্থ্যের বিরুদ্ধে” এইসব ক্ষেত্রে আপনি সমস্ত মানুষের স্বাস্থ্যের বিরুদ্ধে পদক্ষেপ নিয়েছেন সেটাই বিচার্য বলে ধরা হবে।

এর ফলস্বরূপ আপনার ৩ মাস পর্যন্ত জেল হতে পারে, ২০৬ ইউরো জরিমানা হতে পারে, আপনার নাম অপরাধী বলে আইনের খাতায় উঠতে পারে আর ভালো করে জেনে রাখুন একবার আপনার নামের পাশে আইনের খাতায় অপরাধী বলে লেখা থাকলে পরবর্তী ক্ষেত্রে এই ক্রিমিনাল রেকর্ড যে বহু জায়গায় দরকার হয় যেমন কাজের ক্ষেত্রে,

নাগরিকত্বের আবেদনের সময়, PSCE (ex-carta di soggiorno) ইত্যাদির সময় তা দেখা যাবে।